Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# আলোকিত বাংলাদেশ



শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আইবিএর বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় । প্রবা ফটো

# The New Nation



Vice-Chancellor of Dhaka University Professor Dr. Niaz Ahmad Khan visits an IBA exam centre in the capital on Friday.
NN photo

## Dhaka University IBA admission test held

**City Desk**

The Institute of Business Administration (IBA) of Dhaka University held the admission test for the 2024-2025 academic year on Friday.

A total of 10,278 students participated in the tests for 120 seats, reports UNB.

Vice-Chancellor of Dhaka University Professor Dr. Niaz Ahmad Khan visited the IBA exam centre.

Also present were Pro-Vice-Chancellor (Administration) Professor Dr. Sayma Haque Bidisha, Pro-Vice-Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed, Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury, Proctor Associate Professor Saifuddin Ahmed, and the Director of the Institute, Professor Shakil Huda.

## নয়া দিগন্ত



ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ -এর পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন ভিসি ড. নিয়াজ আহমদ খান ■ নয়া দিগন্ত

## The New Age

# DU IBA admission test held

**Staff Correspondent**

THE Institute of Business Administration at Dhaka University held the admission test for 2024-25 academic year on Friday while 10,278 students participated in the tests for 120 seats.

DU vice-chancellor professor Niaz Ahmad Khan visited the IBA exam centre, said a press release.

Also present were DU pro-vice-chancellors professor Sayma Haque Bidisha (administration), and professor Mamun Ahmed (education), treasurer professor M Jahangir Alam Chowdhury, proctor associate professor Saifuddin Ahmed, and IBA director professor Shakil Huda.

The exam for the 'Fine Arts Unit' undergraduate programme (general knowledge and drawing) will be held on Saturday.

The admission exam for the 'Arts, Law, and Social Sciences Unit' will be held on January 25, the 'Science Unit' on February 15 and the 'Business Studies Unit' on February 8. All exams will be held from 11:00am to 12:30pm.

## আজকালের খবর



# ঢাবি আইবিএর বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় মোট ১২০টি আসনের বিপরীতে ১০ হাজার ২৭৮ জন ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। পরীক্ষা চলাকালে বেলা পৌনে ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক শাকিল হুদা উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরীক্ষাকেন্দ্র পরিদর্শন শেষে বলেন, অত্যন্ত সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে কঠোর প্রতিযোগিতামূলক এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ভলান্টিয়ার শিক্ষার্থী, প্রক্টরিয়াল টিম, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন সহযোগিতা করায় বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখা সম্ভব হয়েছে। উল্লেখ্য, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে 'চারুকলা ইউনিট'-এর আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) আজ শনিবার অনুষ্ঠিত হবে। এ ছাড়া 'কলা, আইন ও সামাজিকবিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ২৫ জানুয়ারি (শনিবার), 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ০১ ফেব্রুয়ারি (শনিবার), 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ০৮ ফেব্রুয়ারি (শনিবার) অনুষ্ঠিত হবে। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১২টা ৩০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

# The Country Today



## DU IBA BBA program admission test held

**DU Correspondent**

The admission test for the BBA program of the Institute of Business Administration (IBA) of Dhaka University for the academic year 2024-2025 was held on Friday in a fair and peaceful manner.

A total of 10,278 students participated in the admission test against a total of 120 seats. Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan visited the Institute of Business Administration examination center.

At this time, Continued to page 2

### DU IBA BBA program

Pro-Vice Chancellor (Administration) Professor Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed, Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury, Proctor Associate Professor Saifuddin Ahmed and Director of the Institute Professor Shakil Huda were present.

Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan after visiting the examination center, said that this highly competitive examination was held in a very fair, peaceful and orderly environment. With the cooperation of volunteer students, proctorial team, law enforcement agencies and various voluntary organizations, it has been possible to control the movement of vehicles and maintain discipline within the university.

It is worth noting that the admission test (General Knowledge and Drawing) for the undergraduate program of the 'Fine Arts Unit' in the 2024-2025 academic year will be held tomorrow, Saturday, January 4, 2025.

In addition, the admission test for the 'Arts, Law and Social Sciences Unit' will be held on Saturday, January 25, 2025, the admission test for the 'Science Unit' will be held on Saturday, February 15, 2025, and the admission test for the 'Business Education Unit' will be held on Saturday, February 8, 2025. The admission test for all units will be held from 11:00 am to 12:30 pm.

# The Daily Observer

## DU IBA entry test held

The Institute of Business Administration (IBA) of Dhaka University held the admission test for the 2024-2025 academic year on Friday.

A total of 10,278 students participated in the tests for 120 seats.

Vice-Chancellor of Dhaka University Prof Dr. Niaz Ahmad Khan visited the IBA exam centre.

Also present were Pro-Vice-Chancellor (Administration) Prof Dr. Sayma Haque Bidisha, Pro-Vice-Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed, Treasurer Prof Dr. M. Jahangir Alam Chowdhury, Proctor Associate Prof Saifuddin Ahmed, and the Director of the Institute, Prof Shakil Huda.

After inspecting the exam centre the vice-chancellor said that the tests were conducted in an orderly, peaceful, and competitive environment.

The cooperation of volunteer students, the proctorial team, law enforcement agencies, and various volunteer organisations made it possible to control traffic and maintain discipline inside the university. —UNB

# ভোরের কাগজ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল অনুষ্ঠিত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের আইবিএর বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষায় ঢাবি ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। বিজ্ঞপ্তি

## ঢাবি আইবিএর বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গতকাল শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। এতে মোট ১২০টি আসনের বিপরীতে ১০ হাজার ২৭৮ জন ছাত্রছাত্রী অংশ নেয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। বিজ্ঞপ্তি

এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক শাকিল হুদা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরীক্ষাকেন্দ্র পরিদর্শন শেষে বলেন, অত্যন্ত সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে কঠোর প্রতিযোগিতামূলক এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ভলান্টিয়ার শিক্ষার্থী, প্রক্টরিয়াল টিম, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন সহযোগিতা করায় বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখা সম্ভব হয়েছে।

উল্লেখ্য, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে 'চারুকলা ইউনিট'-এর আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) আগামীকাল ৪ জানুয়ারি ২০২৫ শনিবার অনুষ্ঠিত হবে।

এছাড়া, 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ২৫ জানুয়ারি, 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ১৫ ফেব্রুয়ারি এবং 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ৮ ফেব্রুয়ারি শনিবার অনুষ্ঠিত হবে। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১১:০০টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

# দৈনিক বাংলা



ঢাবির ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আইবিএ ও বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। ছবি: সংগৃহীত

## ঢাবিতে আইবিএর বিবিএ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ব্যবসায় প্রশাসন ইনষ্টিটিউটের (আইবিএ) বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গতকাল শুক্রবার সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

এদিন সকাল ১০টায় পরীক্ষা শুরু হয়ে দুপুর ১২টা পর্যন্ত চলে।

এদিকে পৌনে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনষ্টিটিউটের পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

পরীক্ষাকেন্দ্র পরিদর্শন শেষে তিনি বলেন, অত্যন্ত সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে কঠোর প্রতিযোগিতামূলক এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

ভলানটিয়ার শিক্ষার্থী, প্রক্টরিয়াল টিম, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন সহযোগিতা করায় বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখা সম্ভব হয়েছে।

এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ইনষ্টিটিউটের পরিচালক অধ্যাপক শাকিল হুদা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আইবিএ'র বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষায় ভর্তি পরীক্ষায় মোট ১২০টি আসনের বিপরীতে ১০ হাজার ২৭৮জন ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। সেই হিসেবে আসন প্রতি লড়ছেন প্রায় ৮৬ জন ভর্তিচ্ছু।

# ইনকিলাব

## ঢাবি আইবিএ'র বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গতকাল শুক্রবার সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। ভর্তি পরীক্ষায় মোট ১২০টি আসনের বিপরীতে ১০ হাজার ২৭৮জন ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. নিয়াজ আহমদ খান ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এসময় প্রো-ভিসি (প্রশাসন) প্রফেসর ড. সায়মা হক বিদিশা, প্রো-ভিসি (শিক্ষা) প্রফেসর ড. মামুন আহমেদ, ট্রেজারার প্রফেসর ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর অ্যাসোসিয়েট প্রফেসর ড. সাইফুদ্দীন আহমদ এবং ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর শাকিল হুদা উপস্থিত ছিলেন।

ভিসি প্রফেসর ড. নিয়াজ আহমদ খান পরীক্ষাকেন্দ্র পরিদর্শন শেষে বলেন, অত্যন্ত সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে কঠোর প্রতিযোগিতামূলক এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ভলান্টিয়ার শিক্ষার্থী, প্রক্টরিয়াল টিম, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন সহযোগিতা করায় বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখা সম্ভব হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের তথ্যমতে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে 'চারুকলা ইউনিট'-এর আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) আজ শনিবার অনুষ্ঠিত হবে।

এছাড়া, 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ২৫ জানুয়ারি ২০২৫ শনিবার, 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৫ শনিবার, 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৫ শনিবার অনুষ্ঠিত হবে। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১১:০০টা থেকে দুপুর ১২:৩০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd


জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২০ পৌষ ১৪৩১

# DU in Media

04 January 2025

## কালের কণ্ঠ




ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএর বিবিএ প্রগ্রামের ভর্তি পরীক্ষা শেষে পরীক্ষার্থী ও অভিভাবকরা। গতকাল কলা ভবনের সামনে থেকে তোলা। ছবি : কালের কণ্ঠ

**আইবিএর বিবিএ ভর্তি পরীক্ষা :** গতকাল আইবিএর বিবিএ প্রগ্রামের ভর্তি পরীক্ষার মাধ্যমে ঢাবির ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শুরু হলো। আজ শনিবার হবে চারুকলা ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট প্রগ্রামের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন)।

## আমাদের সময়

### ঢাবিতে বিবিএর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

#### চারুকলা ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

**ঢাবি প্রতিবেদক ■** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) অধীন বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০টা থেকে শুরু হয়ে দুপুর ১২টা পর্যন্ত চলে পরীক্ষা। এদিকে পোনে ১১টায় পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান।

পরিদর্শন শেষে ঢাবি উপাচার্য বলেন, সুশৃঙ্খল পরিবেশে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ভলান্টিয়ার শিক্ষার্থী, প্রক্টরিয়াল টিম, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন সহযোগিতা করায় বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখা সম্ভব হয়েছে।

এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৫

### ঢাবিতে বিবিএর ভর্তি

(তৃতীয় পৃষ্ঠার পর) ড. সায়মা হক বিদিশা, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক শাকিল হুদা উপস্থিত ছিলেন।

জানা যায়, এবার ঢাবির বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষায় মোট ১২০টি আসনের বিপরীতে ১০ হাজার ২৭৮ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশগ্রহণ করেছেন।

এদিকে আজ শনিবার 'চারুকলা ইউনিট'র আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) অনুষ্ঠিত হবে। চারুকলা ইউনিটে মোট ১৩০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৬ হাজার ৯৩ জন। সেই হিসাবে আসনপ্রতি লড়বেন প্রায় ৪৭ জন।

বিগত বছরগুলোর ন্যায় আইবিএ এবং চারুকলা ইউনিট ব্যতীত অন্য ৩টি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ ৮টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। বিভাগীয় কেন্দ্রগুলো হচ্ছে- রাজশাহী বিশ্ববিদ্যালয়; চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়; বরিশাল বিশ্ববিদ্যালয়; খুলনা বিশ্ববিদ্যালয়; শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ; কবি নজরুল বিশ্ববিদ্যালয় এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

এদিকে বিশ্ব ইজতেমার কারণে আগামী ১ ফেব্রুয়ারি বিজ্ঞান ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা পিছিয়ে ১৫ ফেব্রুয়ারি করার সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয়টি। এ ছাড়া ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিকবিজ্ঞান ইউনিট, ৮ ফেব্রুয়ারি ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ভর্তিসংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্য https://admission.eis.du.ac.bd ওয়েবসাইটে দেখতে পারবেন।

## জনকণ্ঠ

### ঢাবি আইবিএর বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

**জনকণ্ঠ ডেস্ক ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) বিবিএ প্রোগ্রামের ভর্তি পরীক্ষা শুক্রবার সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। এ পরীক্ষায় মোট ১২০টি আসনের বিপরীতে ১০ হাজার ২৭৮ জন ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। ঢাবি জনসংযোগ বিভাগ থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

পরীক্ষা চলাকালে বেলা পৌনে ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক শাকিল হুদা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরীক্ষাকেন্দ্র পরিদর্শন শেষে বলেন, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে কঠোর প্রতিযোগিতামূলক এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ভলান্টিয়ার শিক্ষার্থী, প্রক্টরিয়াল টিম, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন সহযোগিতা করায় বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখা সম্ভব হয়েছে।

উল্লেখ্য, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে 'চারুকলা ইউনিট'-এর আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) আজ শনিবার অনুষ্ঠিত হবে।

এ ছাড়া, কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ২৫ জানুয়ারি, বিজ্ঞান ইউনিট-এর ১ ফেব্রুয়ারি এবং ব্যবসায় শিক্ষা ইউনিট-এর ভর্তি পরীক্ষা ৮ ফেব্রুয়ারি